

রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষের পরীক্ষা স্থগিত



ফাইল ছবি

সমকাল ডেস্ক

প্রকাশ: ২৫ মে ২০২৪ | ২২:১২



জাতীয় বিশ্ববিদ্যালয়ে আগামীকাল রোববার অনুষ্ঠিতব্য অনার্স চতুর্থ বর্ষের পরীক্ষা অনিবার্য কারণে স্থগিত করা হয়েছে। স্থগিত এই পরীক্ষার সূচি পরবর্তীতে জানানো হবে। তবে পরীক্ষার অন্যান্য সময় ও তারিখ অপরিবর্তিত থাকবে।

আজি শনিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মো. আতাউর রহমান স্বাক্ষরিত এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।

বিবৃতিতে জানানো হয়েছে, অনিবার্য কারণে আগামীকাল রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স চতুর্থ বর্ষের পরীক্ষা স্থগিত করা হয়েছে।
পরে এই পরীক্ষার তারিখ জানানো হবে।